(৫৩৮)

| ডাইমি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

N Rahman
08/06/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

## বাংলাদেশ বেতারের জুন/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ এস এম জাহীদ, মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ বেতার। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ০২ জুন ২০২৫; সময়: সকাল ১০.৩০ টা |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট-'ক' এবং জুম সভায় অংশগ্রহণকারী বেতারের কেন্দ্র প্রধানগণ |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনা করেন।

### ২। গত সভার কার্যবিবরণী চূড়ান্তকরণ:

২.১। সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

### ৩। নিরাপত্তা সংক্রান্ত:

৩.১। সভায় অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, পবিত্র ঈদ-উল-আযহার ছুটিকালীন সময় বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা ও সর্তকাবস্থা বজায় রাখা খুবই জরুরি যাতে কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে। এ বিষয়ে উপস্টেশন প্রকৌশলী জানান যে, বাংলাদেশ বেতার, সদর দপ্তর কর্তৃক গত ০১ জুন ২০২৫ তারিখে ১৫.৫৩.০০০০.০১৬.০২.০০৩.২৫.৭১৪ সংখ্যকপত্রের মাধ্যমে বাংলাদেশ বেতার সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট প্রধানকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) পবিত্র ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটে ভিজিলেন্স টীম গঠন করতে হবে এবং এই ছুটিকালীন সময়ে প্রতিটি কেন্দ্র/ইউনিটের সার্বিক নিরাপত্তা বজায় রাখার জন্য একজন কর্মকর্তাকে তদারকীয় দায়িত্বে নিযুক্ত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ভিজিলেন্স টীম গঠনপূর্বক প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। | ক) সকল কেন্দ্র/ইউনিট প্রধান<br>খ) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>গ) উপস্টেশন প্রকৌশলী (নিরাপত্তা)<br>ঘ) নিরাপত্তা কর্মকর্তা সকল কেন্দ্র /ইউনিট |
| খ) ঈদের ছুটিকালীন আগারগাঁওস্থ বাংলাদেশ বেতারসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সার্ভিস, পুলিশ কন্ট্রলরুম ও সেনাবাহিনীর নম্বর কেন্দ্র/ইউনিটের দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| গ) ঈদের ছুটিকালীন আগারগাঁওস্থ বাংলাদেশ বেতারসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের প্রধান (অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল) এক সাথে ছুটিতে থাকা যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | |
|---|---|
| (ঘ) আগারগাঁওস্থ বাংলাদেশ বেতারসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ/আনাসারের চাহিদা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | |

**৪। বাজেট সমন্বয় ও সমর্পন সংক্রান্ত:**

৪.১। সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বাংলাদেশ বেতারের সংশোধিত বাজেট ২০৭ কোটি ৮০ লক্ষ ৯৫ হাজার টাকা। জুলাই ২০২৪ থেকে মে ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৮ কোটি ২৫ লক্ষ ৮৩ হাজার টাকা। অবশিষ্ট আছে ৩৬ কোটি ৬৯ লক্ষ ৭৭ হাজার টাকা। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চাহিদার আলোকে বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ২০ মে ২০৫ তারিখের ৩৯৬ নং পত্রের মাধ্যমে ৯৫ লক্ষ ৮০ হাজার টাকা সম্ভাব্য উদ্বৃত্তের হিসাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ২১ মে ২০২৫ তারিখের ১৬৯ নং পত্রের মাধ্যমে মূল বেতন (অফিসার), মূল বেতন (কর্মচারী) ও ছুটি নগদায়ন বেতন (কর্মচারী) খাতে মোট ৫৬ লক্ষ টাকা সমন্বয় করা হয়েছে। বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১০ এপ্রিল ২০২৫ তারিখের ৩৮৭ নং পত্রের আলোকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ২১ মে ২০২৫ তারিখের ১৭০ নং পত্রের মাধ্যমে বার্তা সংস্থাসমূহের সম্মানী খাতে ২৫ লক্ষ টাকা, ছুটি নগদায়ন বেতন (কর্মচারী) খাতে ৫ লক্ষ টাকা এবং বেতার কেন্দ্রসমূহের সম্মানী খাতে ৭৫ লক্ষ টাকা ও টেলিফোন খাতে ১৪ লক্ষ টাকা উপযোজনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৮ এর ২৬ মে ২০২৫ এর ০৭.১০৮.০২০.৩৩.৫১.০৩৯. ২০০৫(অংশ-১)-২৯৪ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ বেতারের ৪টি প্রতিষ্ঠানিক কোডের যথা কারিগরী কার্যক্রমসমূহ ও উচ্চশক্তি প্রেরণ কেন্দ্রসমূহের বিদ্যুৎ খাতের বরাদ্দকৃত অর্থের ৮০% থেকে ১০০% (শতভাগ) এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ও বেতার প্রকাশনা দপ্তরের পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট খাতের বরাদ্দকৃত অর্থের ৮০% থেকে ১০০% (শতভাগ) ব্যয় করার অনুমতি পাওয়া গিয়াছে।

**৪.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ বেতারে সম্মানী খাতে কোনো টাকা বরাদ্দ পাওয়া যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |

**৫। অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:**

৫.১। সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বাংলাদেশ বেতারে গত এপ্রিল ২০২৫ পর্যন্ত ১৪৭টি অডিট আপত্তি ছিল, যার জড়িত টাকার পরিমাণ ১৫৫ কোটি ৫৪ লক্ষ ৬৪ হাজার ৫শত ৪১ টাকা। মে ২০২৫ মাসে অডিট অধিদপ্তরের ১৭/০৪/২০২৫, ১৫/০৫/২০২৫, ১৫/০৫/২০২৫ এবং ২১/০৫/২০২৫ তারিখের ৫৩৩, ৫৩৫, ৫৩৬ ও ৫৩৯ সংখ্যক পত্রে বাংলাদেশ বেতারের ৪টি অগ্রিম আপত্তি পূর্ণাঙ্গ ও ২টি অগ্রিম আপত্তি আংশিক নিষ্পত্তি হয়েছে, যার জড়িত টাকার পরিমাণ ৪ কোটি ৫৫ লক্ষ ৫৫ হাজার ৬শত ৫৯ টাকা। বর্তমানে বাংলাদেশ বেতারে মে ২০২৫ পর্যন্ত ১৪৩টি অডিট আপত্তি রয়েছে, যার জড়িত টাকার পরিমাণ ১৫০ কোটি ৯৯ লক্ষ ০৮ হাজার ৮শত ৮২ টাকা। উল্লেখ্য, জুলাই/২০২৪ থেকে এপ্রিল /২০২৫ মাস পর্যন্ত ৩২টি আপত্তি সম্পূর্ণ, ১১টি আপত্তি আংশিক নিষ্পত্তি হয়। যার জড়িত টাকার পরিমাণ ৮৬ কোটি ৭৬ লক্ষ ৬২ হাজার ৩শত ২৭ টাকা। সাধারণ আপত্তি ৭৫টি; জড়িত টাকার পরিমাণ ৪৩ কোটি ৬৫ লক্ষ ৫৯ হাজার ৮শত ৬২ টাকা। অগ্রিম আপত্তি ৬৮টি; জড়িত টাকার পরিমাণ ১০৭ কোটি ৩৩ লক্ষ ৪৯ হাজার ১৯ টাকা। ১৭টি অডিট আপত্তি নিয়ে ত্রিপক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০/১১/২০২৪ তারিখের ২৩০ নং পত্রের মাধ্যমে কার্যপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে; জড়িত টাকার পরিমাণ ২ কোটি ৬৮ লক্ষ ৬৯ হাজার ৩শত ৪৯ টাকা। সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) আরো জানান যে, আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Power) এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP)

অনুযায়ী ক্রয় কার্যক্রম পরিচালনা করা হলে অডিট আপত্তি পরিমাণ আরো কমে যাবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) আঞ্চলিক পরিচালক জনাব মোহা.আব্দুল জলিল এর নেতৃত্বে বাংলাদেশ বেতারের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত আলাদা সেল গঠন করা যায় কি না সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| খ) আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Power) এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুযায়ী ক্রয় কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |

**৬। বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন সংক্রান্ত:**

**৬.১।** অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বাংলাদেশ বেতার, সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) আগামী ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে এবং বাংলাদেশ বেতারের সকল ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় জানান যে, গত মে ২০২৫ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সচিব মহোদয় মৌখিকভাবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর প্রধানকে সকল ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেছেন। সভাপতি মহোদয়, বাংলাদেশ বেতারের সকল ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট প্রধানকে নির্দেশ প্রদান করেন।

**৬.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতার, সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) আগামী ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |
| খ) বাংলাদেশ বেতারের সকল ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**৭। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল:**

**৭.১।** অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কোনো নির্দেশনা এখনো পাওয়া যায়নি তবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মৌখিক নির্দেশনা অনুযায়ী চলতি ২০২৪-২৫ অর্থবছরে কোনো শুদ্ধাচার পুরস্কার প্রদান করা যাবে না। যদি কোনো কেন্দ্র/ইউনিট জাতীয় শুদ্ধাচার বিষয়ে কোনো কমিটি গঠন করে থাকে তাহলে তার কার্যক্রম স্থগিত রাখার অনুরোধ জানান। কারণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচারের সফটওয়্যার লক থাকায় প্রতিবেদন সফটওয়্যারে দাখিল করা যাচ্ছে না।

**৭.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মৌখিক নির্দেশনা অনুযায়ী চলতি ২০২৪-২৫ অর্থবছরে কোনো জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল দপ্তরের এপিএ ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>খ) বেতারের আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধানগণ। |

**৮. ডি-নথির ব্যবহার এবং সেবা পদ্ধতি সহজিকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন:**

৮.১। এ বিষয়ে অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বাংলাদেশ বেতারের মে ২০২৫ মাসে ডি-নথিতে নথিতে নিষ্পত্তির হার ৯৯.৪৯%। সভাপতি মহোদয় বলেন, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আওতাধীন সকল দপ্তরের মধ্যে বাংলাদেশ বেতার ডি-নথি নিষ্পত্তির হার সন্তোষজনক এবং বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট প্রধানকে ডি-নথির নিষ্পত্তির হার আরো বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করেন। বার্তা শাখা, বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি ও ২X২৫০ কি:ও: ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ কেন্দ্র, কবিরপুর, ঢাকা কেন্দ্র হতে জানান হয় যে, তাঁদের ডি-নথির আইডি নেই। এ বিষয়ে এটুআই সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে যোগাযোগ করে আইডি খোলা যাচ্ছে না।

৮.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) আগামী ২০২৫-২৬ অর্থবছরে ডি-নথির ব্যবহার ১০০% উন্নীত করতে হবে। এ ব্যাপারে সকলকে আরও উদ্যোগী হতে হবে। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)।<br>খ) সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| খ) বার্তা শাখা, বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি ও ২X২৫০ কি:ও: ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ কেন্দ্র, কবিরপুর, ঢাকা কেন্দ্রের ডি-নথির আইডি খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সদর দপ্তরের ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>খ) সংশ্লিষ্ট কেন্দ্রের ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

**৯। বিবিধ আলোচনার সিদ্ধান্তসমূহ:**

৯.১। এছাড়াও বাংলাদেশ বেতারের কর্মরত কর্মকর্তাদের ছুটি মঞ্জুরির বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ নেওয়া হয়।

৯.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারে কর্মরত সকল কর্মকর্তাদের ছুটি মঞ্জুরির ক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২১.১৮.০০৩.১৫৩৮৭(৯) নম্বর পরিপত্রের আলোকে ছুটি মঞ্জুরির অনুমোদন গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট প্রধান। |
| (খ) পবিত্র ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয় বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্র পরিদর্শনে যেতে পারে বিধায় খুলনা কেন্দ্রে কর্মরত সকল কর্মকর্তাদের ছুটি দেওয়া যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা |

১০। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪.০৬.২৫

এ এস এম জাহীদ
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
☎:৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.০৬.০৩৭৮.২৫. ৭৬৭

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

তারিখ: ০৪/০৬/২০২৫

১. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫. পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ কেন্দ্রীয় বার্তা সংস্থা/ মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৬. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর /বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৭. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সকল কর্মকর্তাকে মেইল মারফত কার্যবিবরণীর কপি প্রেরণের অনুরোধসহ)।
৮. সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/ঢাকা/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, 'বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন' /"বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প।
১০. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান / ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১১. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১২. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৩. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৪. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৫. উপস্টেশন প্রকৌশলী (যানবাহন, কমন, প্রশিক্ষণ ও নিরাপত্তা শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৭. সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮. হিসাব রক্ষক কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা,সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন/যানবাহন/হিসাব/আইন,বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯. নিরাপত্তা কর্মকর্তা, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
২০. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

<u>অনুলিপি:</u> সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
২. উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (বেতার-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

০৪/০৬/২৫

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

**২/০৬/২০২৫ তারিখ সোমবার সকাল ১০.৩০ টায় বাংলাদেশ বেতার, সদর দপ্তর সম্মেলন কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার উপস্থিতি সীট:**

| ক্রমিক | নাম, পদবী ও দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব মু. আনোয়ার হোসেন মৃধা<br>অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | 02/6/25 |
| ২। | জনাব মুনীর আহমদ<br>প্রধান প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ০২/৬/২৫ |
| ৩। | জনাব শাহানাজ বেগম<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-১),<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২/৬/২০২৫ |
| ৪। | জনাব এস এম আবুল হোসেন<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-২),<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২/৬/২৫ |
| ৫। | জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>উপ-মহাপরিচালক (বার্তা)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২/৬/২৫ |
| ৬। | মোঃ রাশিদ উদ্দিন<br>পরিচালক<br>বার্তা ঢাকা | ২/৬/২৫ |
| ৭। | মো. আরিফুল ইসলাম<br>পরিচালক<br>বানিজ্যিক কার্যক্রম, বাবে | ২/৬/২৫ |
| ৮। | আবদুল মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান) | ২/৬/২০২৫ |
| ৯। | মো: মো: [illegible] আলম<br>পরিচালক, সংগীত, | ২/৬/২০২৫ |
| ১০। | মো: মাহবুবুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, ঢাকা। | |
| ১১। | জনাব: তানিয়া নাজনীন<br>পরিচালক মনিটরিং | 02/06/2025 |
| ১২। | [illegible] ইসলাম<br>ভার: পরিচালক (প্রশা) | 02/06<br>২০২৫ |

| | | |
|---|---|---|
| ১৩। | রওনক জাহান<br>আঞ্চলিক পরিচালক<br>ট্রান্সমিশন সার্ভিস | 02/6/25 |
| ১৪। | মর্জিনা বেগম<br>আঞ্চলিক পরিচালক<br>বেতার প্রকাশনা দপ্তর | 02.06.2025 |
| ১৫। | এ.টি.এম. মাসুদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>পরিকল্পনা শাখা | 02/6/2025 |
| ১৬। | মো: রুহুল ইসলাম<br>সিনিয়র প্রকৌশলী<br>বহিঃপ্রচার কক্ষ | 02/6/25 |
| ১৭। | শ্যামল চৌধুরী<br>পরিচালক (ক্রয়); নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) (অতি: দা:)<br>সদর দপ্তর, বা. বে. ঢাকা | 02/6/2025 |
| ১৮। | মো: আবু সাঈদ<br>সিনিয়র প্রকৌশলী<br>জাতীয় বেতার ভবন। | 02/6/25 |
| ১৯। | মো: মাইনুল হক<br>সিনিয়র প্রকৌশলী<br>সং. ও অনুষ্ঠান | 2/6/25 |
| ২০। | শফিকুল আলম<br>পরিচালক (কার্য) | 02/06/25 |
| ২১। | এম. কে. জাহিদ মুক্ত<br>সহকারী বার্তা নিয়ন্ত্রক<br>সদর দপ্তর | 02/06/25 |
| ২২। | হালিমা বেগম<br>উপ পরিচালক<br>বাং বে. সদর দপ্তর | 02/06/2025 |
| ২৩। | মাহবুব আলম<br>স্টেশন প্রকৌশলী<br>ট্রান্সমিশন সার্ভিস | 2/6/25 |

| | | |
|---|---|---|
| ২৪। | মোঃ মাহমুদুল নবী<br>উপঅর্থ নিয়ন্ত্রক ও হিসাব<br>অফিসার, সদরদপ্তর, ঢাকা | ০২/০৬/২৫ |
| ২৫। | মুহাম্মাদ আমিনুল ইসলাম<br>সেকশন প্রকৌশলী<br>কারিগরি কার্য, [illegible], ঢাকা | ২.৬.২৫ |
| ২৬। | মোঃ মুনতাসির হোসেন<br>[illegible] অপারেটর<br>সদর দপ্তর | |
| ২৭। | দেওয়ান মনজুরুল ইসলাম<br>উপপরিচালক (প্র/অ) | 2/6/25 |
| ২৮। | মো: আল মামুন ইবনে সাজেদ<br>উপবিভাগীয় প্রকৌশলী | 02-06-25 |
| ২৯। | এ.এস.এম হাবিবুর রহমান<br>নিরাপত্তা কর্মকর্তা | 02/6/25 |
| ৩০। | শামীম আহমেদ<br>মোটর গাড়ী চালক [illegible] সমিতি<br>মহাসচিব | শামীম<br>02/06/25 |
| ৩১। | | |
| ৩২। | | |
| ৩৩। | | |
| ৩৪। | | |